যুগান্তর

22 MAY 2017
১৮ ২

# শিক্ষক-ছাত্রদের সঙ্গে রামপুরা ট্রাফিক জোনের মতবিনিময়

**দনিয়া প্রতিনিধি**

রামপুরা ট্রাফিক জোন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, অভিভাবক, শিক্ষার্থী ও গভর্নিংবডির সদস্যদের সঙ্গে ট্রাফিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। রোববার যাত্রাবাড়ীর মোমেনবাগ হাজী আকবর হোসেন উচ্চ বিদ্যালয়, সালাহ্ উদ্দিন আহমেদ আদর্শ স্কুল অ্যান্ড কলেজ, পাড়াডগার মান্নান সরকারি প্রাথমিক বিদ্যালয়, রোকেয়া আহসান কলেজ, নব মল্লিকা মডেল একাডেমি, হলি ফ্লাওয়ার প্রিপারেটরি স্কুল অ্যান্ড কলেজের শিক্ষক ও শিক্ষার্থীদের সঙ্গে পৃথক এ মতবিনিময় সভার আয়োজন করা হয়।

সভায় প্রধান অতিথি ছিলেন ট্রাফিক পূর্ব বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নাজমুন নাহার, বিশেষ অতিথি ছিলেন রামপুরা ট্রাফিক জোনের সিনিয়র সহকারী পুলিশ কমিশনার মো. জাহাঙ্গীর আলম। এ সময় উপস্থিত ছিলেন ট্রাফিক ইন্সপেক্টর (টিআই) বিপ্লব ভৌমিক।

ছাত্র-শিক্ষক এবং জনগণকে ট্রাফিক আইন বিষয়ে সচেতন করতে টানা দুই মাস বিভিন্ন কর্মসূচি করে আসছে রামপুরা ট্রাফিক পূর্ব বিভাগ। তাদের সফলতা ও বিভিন্ন কর্মসূচির কথা উল্লেখ করে বক্তব্য রাখেন হাজী আকবর হোসেন উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আবদুল জব্বার, সালাহ্ উদ্দিন আহমেদ আদর্শ স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ মো. আমিরুল ইসলাম, পাড়াডগার মান্নান সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শাহানাজ শিমলা, রোকেয়া আহসান কলেজের অধ্যক্ষ মু. জালাল উদ্দিন, নবমল্লিকা মডেল একাডেমির অধ্যক্ষ মোসা. রিমা হোসেন, হলি ফ্লাওয়ার প্রিপারেটরি স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ আবুল খায়ের দেওয়ান, ডেমরা থানা সরকারি প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি এমএ সিদ্দিক।

অনুষ্ঠানে প্রধান অতিথি ও বিশেষ অতিথি বলেন, সড়ক দিয়ে চলাচলের সময় ফুটওভারব্রিজ, জেব্রা ক্রসিং ব্যবহার, মোটরসাইকেল চালানোর সময় হেলমেট ব্যবহার, গাড়ি চালানোর সময় দ্রুত গতি, চোখে ঘুম নিয়ে এবং মাদক সেবন করে যেন গাড়ি না চালায় সে বিষয়ে সতর্ক থাকতে হবে। তারা বলেন, ট্রাফিক আইন মেনে চললে অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনা থেকে নিজেকে ও অপরকে রক্ষা করা যাবে। যানজট কমাতেও সহায়তা হবে। তারা আরও বলেন, শিক্ষকরা ক্লাসে অন্তত ১/২ মিনিট ট্রাফিক আইন বিষয়ে বললে সড়ক দুর্ঘটনা রোধ হবে এবং ট্রাফিক বিভাগের ব্যাপক উন্নতি হবে। কারণ আজকের ছেলেমেয়েরাই আগামী দিনের ভবিষ্যৎ।